

BLDC প্রযুক্তির এয়ার কুলার লঞ্চ করল Symphony

কলকাতা: পৃথিবী দিবস উপলক্ষে পরিবেশের সুরক্ষার কথা মাথায় রেখে এভাপোরেট এয়ার কুলারের বাজারে শীর্ষ স্থানাধিকারী এয়ার কুলার SymphonyLtd, BLDC প্রযুক্তি ও হাই এনার্জি এফিশিয়েন্ট এয়ার কুলারের রেঞ্জ চালু করেছে। যা বিশ্বে এই প্রথম। উল্লেখ্য, Symphony ৮০ লিটার, ৫৫ লিটার এবং ৩০ লিটার জলের ট্যাঙ্কের BLDC রেঞ্জের তিনটি মডেলের এয়ার কুলার লঞ্চ করেছে। BLDC প্রযুক্তি দ্বারা চালিত Symphony-এর এই এয়ার কুলার রেঞ্জটি প্রায় ৬০ শতাংশ ইলেকট্রিসিটি সাশ্রয় করে। ফলে

গ্রাহকরা বছরে ২,০০০ টাকা পর্যন্ত সাশ্রয় করতে পারবেন। অন্যান্য বৈশিষ্ট্য গুলির মধ্যে রয়েছে- টাচস্ক্রিন কন্ট্রোল প্যানেল, ৮ ঘণ্টার সিল্পিং মোড, এম্পটি ট্যাঙ্ক অ্যালার্ম প্রভৃতি। Symphony-র কুলার গুলি এয়ার কন্ডিশনারের তুলনায় ১০% শক্তি খরচ করবে। Symphony-র এই কুলার গুলি এমন ভাবে তৈরি করা হয়েছে যাতে বছরে ১৮টি গাছ লাগানোর সমান কার্বন ফুটপ্রিন্ট কমাতে পারে। বলাবাহুল্য, ৬০টিরও বেশি দেশে প্রায় ২৫ মিলিয়নেরও বেশি এয়ার কুলার বিক্রির মাইলফলক অর্জন করেছে Symphony।